কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 25 AUGUST 2026 ,TUESDAY|২৫ আগস্ট ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-262


## সরকারি সম্পত্তির ক্ষয়ক্ষতি রুখতে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,হাওড়া ,২৪ আগস্ট :** হিংসাত্মক ঘটনায় সরকারি অফিস বা থানায় অগ্নিসংযোগের মতো ঘটনার ক্ষয়ক্ষতি রুখতে "ওয়েস্ট বেঙ্গল মেইনটেন্যান্স অফ পাবলিক অর্ডার অ্যাক্ট" এর সংশ্লিষ্ট বিধি সংক্রান্ত বিজ্ঞপ্তি আজ জারি হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে একটি সাংবাদিক বৈঠকে বলেন "সরকারি সম্পত্তি ক্ষয়ক্ষতির সম্পূর্ণ মূল্য এবং তার তিনগুণ পর্যন্ত জরিমানা সুদ সহ দোষীদের কাছ থেকে আদায় করা হবে। আজ রাজ্যপালের অনুমোদনের পর আইনের একটি অংশ অবিলম্বে কার্যকর হয়েছে ,বাকি অংশ রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।" আইনটি অতীতের ঘটনায় প্রযোজ্য হবে কিনা ,এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন , "এই বিষয়টি আইনে এবং বিজ্ঞপ্তিতে পরিষ্কার ও স্পষ্টভাবে উল্লেখ রয়েছে।"

## ভারত-নেপাল সীমান্তে গ্রেপ্তার আফগানিস্তানের যুবক ,উদ্ধার ভারতীয় জাল নথি




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৪ আগস্ট :** নেপালে প্রবেশের আগে ভারত -নেপাল সীমান্তের পানিট্যাঙ্কি অভিবাসন দপ্তরে গিয়ে খড়িবাড়ি থানার পুলিশের হাতে গ্রেপ্তার হলেন আফগানিস্তানের এক যুবক।গ্রেপ্তার করা হয় সেই যুবকের ভারতীয় বন্ধুকেও। জানা গেছে ধৃত আফগান যুবকের নাম আব্দুল্লা খান ও তার ভারতীয় বন্ধুর নাম শংকর বনিক, সে বিধাননগর দত্তাবাদের বাসিন্দা। ধৃত আফগান যুবক দীর্ঘদিন ধরে হাওড়ার শিবপুরে তার ভারতীয় বন্ধুর সাথে বাস করতো বলে জানিয়েছে পুলিশ। ধৃত যুবকের হেফাজত থেকে উদ্ধার হয় জাল ভারতীয় আধার কার্ড,ভোটার কার্ড,ভারতীয় ড্রাইভিং লাইসেন্স, ভারতীয় ব্যাংক একাউন্ট এর পাশ বই। পুলিশের অনুমান ধৃত ব্যক্তি দীর্ঘদিন ধরে ভারতে বসবাস করতো আর সেই সুযোগকে কাজে লাগিয়ে টাকার বিনিময়ে জাল ভারতীয় নথিপত্র যোগাড় করেছে। ধৃতকে তার ভারতীয় বন্ধু সহ সোমবার শিলিগুড়ি আদালতে পেশ করা হয়। বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে খড়িবাড়ি থানার পুলিশ।

## যোগ্যতার ভিত্তিতে অন্নপূর্ণা যোজনা সকলের জন্য ,জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**এই যুগ ,পশ্চিম বর্ধমান ,২৪ আগস্ট :** যোগ্য ব্যক্তিরা ,যাদের দরকার তারা অবশ্যই অন্নপূর্ণা যোজনার সুবিধা গ্রহণ করতে পারবেন ।পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন , "যারা এখনো অন্নপূর্ণা যোজনা সুবিধা পাননি তাদেরকে রিভেরিফিকেশন করার জন্য আবেদন করতে বলা হচ্ছে। এসডিও, ভিডিও, ডিএম অফিস গুলোতে এই আবেদন করা যাবে।" লক্ষীর ভান্ডার দেওয়ার ক্ষেত্রে পূর্ববর্তী সরকার রসুনের রাজনীতি করেছেন বলে তিনি উল্লেখ করেন।পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল আরো বলেন , "রাজ্য সরকার বিবেচনা করেছেন যারা ইনকাম ট্যাক্স প্রদান করেন বা শহরে তিনটি বা তার বেশি ঘরের নিজস্ব বাড়ি রয়েছে অথবা দশ ডেসিমেলের বেশি জমি রয়েছে, নিজস্ব মাসিক আয় ১০ হাজার টাকার বেশি এরকম কেউই অন্নপূর্ণা যোজনা সুবিধা পাবেন না। কারণ তাদের তো এই সুবিধা গ্রহণ করার প্রয়োজন নেই।

## নাগরিকত্ব সংশোধনী আইনে শুনানি ও বৈধ নাগরিকদের শংসাপত্র দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার রাজ্যকে ক্ষমতা দিয়েছে , বললেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,হাওড়া ,২৪ আগস্ট :** নাগরিকত্ব সংশোধনী আইন সিএএ তে শুনানি ও বৈধ নাগরিকদের শংসাপত্র দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার রাজ্যকে ক্ষমতা দিয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রক এ বিষয়ে যে গেজেট নোটিফিকেশন জারি করেছে তা দেখিয়ে আজ নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান , "আমরা জেলা শাসকের মাধ্যমে যে দু লক্ষ তিরিশ হাজার এর মধ্যে ২৩ হাজার সার্টিফিকেট পেয়েছেন ,যে ২ লক্ষ ৭ হাজার এখনও বাকি আছে এবং এখনও যারা আবেদন করেননি, এর ফলে তারা আবেদন করতে পারবেন এবং আমরা দ্রুততার সঙ্গে তার শুনানি সম্পন্ন করে ধর্মীয় উৎপীরণের কারণে বাংলাদেশ থেকে আসা হিন্দু শরণার্থীদের সার্টিফিকেট দিয়ে দিতে পারব।"

# রিভার বেড ম্যাটেরিয়াল সহ আটক ট্র্যাক্টর ,গ্রেপ্তার চালক




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট :** ঘরঘরিয়া বোস্তারি এলাকায় নদী খাত থেকে অবৈধভাবে রিভার বেড ম্যাটেরিয়াল একটি ট্র্যাক্টর এর ট্রলিতে বোঝাই করে ট্র্যাক্টর চালক পাচারের ছক কষেছিলো। খবর পেয়ে আলিপুরদুয়ার থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে রিভার বেড ম্যাটেরিয়াল বোঝাই ট্রলি সহ ট্রাকটিকে আটক করে। চালক রিভার বেড ম্যাটেরিয়াল এর কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় পুলিশ চালককে গ্রেপ্তার করে ও ট্রলি সহ ট্র্যাক্টর টি বাজেয়াপ্ত করে। চালকের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে তাকে আদালতে পাঠিয়েছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে নদী থেকে অবৈধভাবে বালি,পাথর ও রিভার বেড ম্যাটেরিয়াল পাচারের বিরুদ্ধে নিয়মিত অভিযান চালানো হচ্ছে। পুলিশ এধরনের অবৈধ কার্যকলাপ বন্ধ করতে দৃঢ় প্রতিজ্ঞ।

# পাচারের পথে উদ্ধার দশটি মহিষ ,গ্রেপ্তার দুই




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৪ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের তুফানগঞ্জ থানার পুলিশ সোমবার সকালে বিশ্বস্তসূত্রে পাওয়া খবরের ভিত্তিতে কোচবিহার অসমগামী সড়কে একটি বোলেরো পিক আপ ভ্যান আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক পিক আপ ভ্যান থেকে উদ্ধার হয় দশটি মহিষ। মহিষগুলিকে অত্যন্ত নিষ্ঠুরভাবে গাড়িটিতে করে পাচারের।উদ্দ্যেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। গাড়ির চালক মহিষ পরিবহনের কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায় তাকে ও তার সহকারীকে গ্রেপ্তার করে পুলিশ। মহিষগুলিকে একটি খোঁয়াড়ে পাঠিয়ে গাড়িটিকে বাজেয়াপ্ত করে ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে আদালতে পাঠানো হয়েছে। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

# কুমারগ্রাম ব্লকের ভল্কা বারোবিশা এক নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান নির্বাচিত হলেন বিজেপির সঞ্জিত দাস



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের ভল্কা বারোবিশা এক নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান নির্বাচিত হলেন বিজেপির সঞ্জিত দাস। বিগত পঞ্চায়েত নির্বাচনে এই গ্রাম পঞ্চায়েতের তেইশটি আসনের মধ্যে তৃণমূল পায় তেরোটি,বিজেপি নয়টি ও সি পি আই এম একটি। তৃণমূল এর অনিমা রায় প্রধান নির্বাচিত হন। রাজ্যে সম্প্রতি পালা বদলের পর প্রধান অনিমা রায় ও উপপ্রধান রাজীব তিরকী পদত্যাগ করেন। পরবর্তীতে বিজেপির এক জন পঞ্চায়েত সদস্য তৃণমূলে যোগ দিলে এই গ্রাম পঞ্চায়েতে দলগত অবযথান দাঁড়ায় তৃণমূল ১৪, বিজেপি ৮ ও সিপি আই এম ১। প্রধান ও উপপ্রধান এর পদত্যাগের পরিপ্রেক্ষিতে সোমবার ফের প্রধান পদে নির্বাচন হয়। তৃণমূল ও সি পি আই এম নির্বাচনে অংশ গ্রহন না করায় বিজেপির সঞ্জিত দাস প্রধান পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। তিনি জানান গ্রাম পঞ্চায়েত এলাকার উন্নয়নই তার লক্ষ্য।

# পিএমশ্রী জওহর নবোদয় বিদ্যালয় বারোবিশায় শুরু হলো নবোদয় বিদ্যালয়গুলির চৌত্রিশতম সর্বভারতীয় কাবাডি প্রতিযোগিতা




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার বারোবিশায় পিএম শ্রী জওহর নবোদয় বিদ্যালয় প্রাঙ্গনে সোমবার শুরু হলো চৌত্রিশতম সর্বভারতীয় কাবাডি প্রতিযোগিতা। এই প্রতিযোগিতার উদ্বোধন করেন আলিপুরদুয়ার এর অতিরিক্ত জেলাশাসক। ব্যান্ডের তালে তালে বর্ণাঢ্য ড্রিল, মার্চ পাস্ট, বেলুন ও পায়রা উড়িয়ে এদিন প্রতিযোগিতার উদ্বোধন হয়।প্রতিযোগিতায় কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীন পিম শ্রী জওহর নবোদয় বিদ্যালয় গুলির সর্বভারতীয় স্তরে দশটি রিজিওন থেকে মোট সাতশ কুড়ি জন প্রতিযোগী ও প্রতিযোগিনী এই প্রতিযোগিতায় অংশ গ্রহন করে। প্রতিযোগিতা চলবে চলতি মাসের ছাব্বিশ তারিখ পর্যন্ত। প্রতিযোগিতা উপভোগ করতে প্রচুর দর্শক এর উপস্থিতি ছিলো লক্ষ্যনীয়।

# মদ বিরোধী আন্দোলনে পথ অবরোধ বিক্ষোভ আগুন জ্বালিয়ে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট :** দীর্ঘদিন যাবত গ্রামের মহিলারা বিভিন্ন দপ্তরে লিখিতভাবে বিষয়টি জানানো পরেও কোন কাজ হয়নি । অবশেষে পথে নামলেন মহিলারা। গ্রামের ভিতরে মদের দোকান সরানোর দাবিতে বিক্ষোভে সামিল হলেন মহিলারা। আলিপুরদুয়ারের বীরপাড়ায় সকাল থেকেই মদমুক্ত সমাজ ও মহিলাদের নিরাপত্তার দাবিতে সরব হন এলাকার মহিলারা। তাঁদের অভিযোগ, গ্রামের ভিতরেই প্রায় এক বছর ধরে চলছে মদের দোকান। কাছেই রয়েছে স্কুল, ফলে পড়ুয়া ও মহিলাদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।মহিলাদের দাবি, অবিলম্বে গ্রামের ভিতর থেকে মদের দোকানটি অন্যত্র সরিয়ে দিতে হবে। এদিন ক্ষুব্ধ মহিলারা দোকানে তালা লাগিয়ে বিক্ষোভ দেখান। তাঁদের বক্তব্য, গ্রামের পরিবেশ ও নিরাপত্তার স্বার্থে প্রশাসনের দ্রুত হস্তক্ষেপ প্রয়োজন।মদমুক্ত সমাজ গড়ে তোলা এবং মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করার দাবিতে তাঁদের এই আন্দোলন বলে জানান বিক্ষোভকারীরা।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |